বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্ট-১
(রিক্রুটমেন্ট এন্ড আউটসোর্সিং উইং)

বিজ্ঞপ্তি নং- ০৩/২০২৪

তারিখঃ ১৯ পৌষ ১৪৩০ / ০৩ জানুয়ারি ২০২৪

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ব্যাংকে নিম্নোক্ত পদদ্বয়ে নিয়োগের লক্ষ্যে পদের পাশে বর্ণিত শর্তে বাংলাদেশী স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

১।

পদের নাম	:	**ফায়ার কন্ট্রোল অপারেটর (পুরুষ)**
পদসংখ্যা	:	০৩টি (পদ সংখ্যা কম/বেশি হতে পারে)
বেতনস্কেল, ২০১৫ ও গ্রেড	:	৯৩০০-২২৪৯০, ১৬তম গ্রেড
শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও অন্যান্য শর্তাদি	:	ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। খ) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের আওতায় পরিচালিত ০৬ মাস মেয়াদী ফায়ার সায়েন্স এন্ড অক্যুপেশনাল সেফটি কোর্সে উত্তীর্ণ। গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে ন্যূনতম ০২ বছরের চাকুরির অভিজ্ঞতা। ঘ) শারীরিক যোগ্যতা:- উচ্চতা: ন্যূনতম ৫ ফুট ৪ ইঞ্চি, বুকের মাপ: ন্যূনতম ৩২ ইঞ্চি ও শারীরিক গঠন ত্রুটিমুক্ত হতে হবে।
কার্যপরিধি	:	বাংলাদেশ ব্যাংকের নিয়োগকৃত ফায়ারফাইটার(পুরুষ)গণের তত্ত্বাবধান করবেন। জরুরি পরিস্থিতিতে On Spot First Response এর অংশ হিসেবে সহযোগিতা চেয়ে সকল অগ্নি নির্বাপণকারী সংস্থাকে ফায়ার নোটিশ প্রদান করে সে অনুযায়ী রেসপন্স করবেন এবং প্রশাসনিক যোগাযোগে সাড়া প্রদান করবেন। অগ্নি নির্বাপণের জন্য প্রতিটি **সিকিউরিটি ইক্যুইপমেন্ট** সম্পর্কে জ্ঞাত থাকবেন এবং জরুরি পরিস্থিতিতে দুর্ঘটনার ধরন বুঝে সে অনুযায়ী তার ব্যবহার নিশ্চিত করবেন। ফায়ারফাইটার(পুরুষ)দের সাথে দুর্ঘটনা স্থলে লিঁয়াজো অফিসার হিসেবে কাজ করবেন। অগ্নি দুর্ঘটনা এড়াতে সকল যন্ত্রাংশের সময়ে সময়ে নিরীক্ষা এবং দুর্ঘটনায় ব্যবহারের পরে সকল নির্বাপক যন্ত্রাংশের পোস্ট-নিরীক্ষা নিশ্চিত করবেন। যথাযথ কর্তৃপক্ষকে অগ্নি দুর্ঘটনার সম্ভাব্য ঝুঁকিসমূহ চিহ্নিত করে রিপোর্ট প্রদান করবেন।

২।

পদের নাম	:	**ফায়ারফাইটার (পুরুষ)**
পদসংখ্যা	:	০৬টি (পদ সংখ্যা কম/বেশি হতে পারে)
বেতনস্কেল, ২০১৫ ও গ্রেড	:	৮৫০০-২০৫৭০, ১৯তম গ্রেড
শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য শর্তাদি	:	ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। খ) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের আওতায় পরিচালিত ০৬ মাস মেয়াদী ফায়ার সায়েন্স এন্ড অক্যুপেশনাল সেফটি কোর্সে উত্তীর্ণ। গ) শারীরিক যোগ্যতা:- উচ্চতা: ন্যূনতম ৫ ফুট ৪ ইঞ্চি, বুকের মাপ: ন্যূনতম ৩২ ইঞ্চি ও শারীরিক গঠন ত্রুটিমুক্ত হতে হবে।
কার্যপরিধি	:	ফায়ারফাইটার (পুরুষ) হবে বাংলাদেশ ব্যাংকের নিয়োগকৃত নিজস্ব অগ্নিনির্বাপক কর্মী। প্রতিষ্ঠানে আগুন লাগলে ফায়ার সার্ভিস আগমনের পূর্বে ফায়ার এক্সটিংগুইশার বা ফায়ার হাইড্রেন্ট সিস্টেম ব্যবহার করে যতটা সম্ভব অগ্নি নিয়ন্ত্রণ করে ক্ষয়ক্ষতি কমাবার চেষ্টা করবেন। জরুরি পরিস্থিতিতে আটকে পড়া লোকজনকে Life saving guidance এর অংশ হিসেবে নিরাপদে স্থানান্তরের ব্যবস্থা নিশ্চিত করবেন। ফায়ারফাইটার(পুরুষ)গণ অগ্নি দুর্ঘটনা ছাড়াও প্রতিষ্ঠানের প্রাকৃতিক বা মনুষ্যসৃষ্ট দুর্ঘটনায় বিপদাপন্ন মানুষকে উদ্ধারে কাজ করবেন।

৩। গ্রেডিং পদ্ধতিতে প্রকাশিত ফলাফলের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের ০২/০৬/২০০৯ ও ০২/০৩/২০১০ তারিখের প্রজ্ঞাপন নং যথাক্রমে শিম/শাঃ১১/৫-১(অংশ)/৫৮২ ও শিম/শাঃ১১/১৯-১/২০০৭/১৭৪ অনুযায়ী বর্তমানে প্রচলিত জিপিএ বা ক্ষেত্রমত, সিজিপিএ এর বিপরীতে পূর্বের ১ম, ২য় ও ৩য় বিভাগ/শ্রেণী নিম্নরূপে নির্ধারিত হবে :

(ক) এস.এস.সি বা সমমান এবং এইচ.এস.সি বা সমমান পরীক্ষার ফলাফলের ক্ষেত্রে -

জিপিএ ৩.০০ বা তদূর্ধ্ব	প্রথম বিভাগ
জিপিএ ২.০০ থেকে ৩.০০ এর কম	দ্বিতীয় বিভাগ
জিপিএ ১.০০ থেকে ২.০০ এর কম	তৃতীয় বিভাগ

(খ) অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সিজিপিএ এর ক্ষেত্রে -

অর্জিত সিজিপিএ		সমতুল্য শ্রেণি/বিভাগ
৪.০০ পয়েন্ট স্কেলে	৫.০০ পয়েন্ট স্কেলে	
৩.০০ বা তদূর্ধ্ব	৩.৭৫ বা তদূর্ধ্ব	প্রথম শ্রেণি/বিভাগ
২.২৫ বা তদূর্ধ্ব কিন্তু ৩.০০ এর কম	২.৮১৩ বা তদূর্ধ্ব কিন্তু ৩.৭৫ এর কম	দ্বিতীয় শ্রেণি/বিভাগ
১.৬৫ বা তদূর্ধ্ব কিন্তু ২.২৫ এর কম	২.০৬৩ বা তদূর্ধ্ব কিন্তু ২.৮১৩ এর কম	তৃতীয় শ্রেণি/বিভাগ

৪। O' Level এবং A' Level এর ক্ষেত্রে এদেশীয় সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate), বিদেশী বিশ্ববিদ্যালয় হতে প্রাপ্ত ডিগ্রীর ক্ষেত্রে দেশী সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন/উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate) অনুযায়ী ডিগ্রী ও ফলাফলের তথ্য প্রদান করতে হবে।

৫। বয়স (১১/০১/২০২৪ তারিখে):
- ক) সাধারণ প্রার্থীদের ক্ষেত্রে সর্বনিম্ন ১৮ বছর ও সর্বোচ্চ ৩০ বছর।
- খ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩২ বছর।
- গ) প্রার্থীর বয়স কম বা বেশি হলে আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

৬। আগ্রহী প্রার্থীদেরকে ১১/০২/২০২৪ তারিখের মধ্যে শুধুমাত্র বাংলাদেশ ব্যাংকের নিয়োগ সংক্রান্ত ওয়েবসাইট (erecruitment.bb.org.bd)-এ Online Application Form পূরণের মাধ্যমে আবেদন করতে হবে। Online Application Form-এ পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক প্রকাশিত পরীক্ষার ফলাফলের তারিখ অবশ্যই উল্লেখ করতে হবে। ১১/০২/২০২৪ তারিখ বা তৎপূর্বে যারা বিজ্ঞপ্তিতে যাচিত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা অর্জন করেছেন শুধুমাত্র তারা আবেদনের যোগ্য হবেন।

৭। আবেদন করার সময় Application Form পূরণ করার নিয়ম ও অন্যান্য শর্তাবলী (erecruitment.bb.org.bd) ওয়েবসাইটে পাওয়া যাবে।

৮। যাদের বাংলাদেশ ব্যাংকের নিয়োগ সংক্রান্ত ওয়েবসাইট (erecruitment.bb.org.bd)-এ CV রয়েছে, তারা তাদের উক্ত CV-এর মাধ্যমেই আবেদন করবেন। প্রার্থীর নাম ও পিতার নাম এস.এস.সি/সমমানের সনদে যেভাবে লেখা আছে অনলাইন আবেদনপত্রে হুবহু সেভাবে লিখতে হবে। নাম, পিতা/মাতার নাম, শিক্ষাগত যোগ্যতা, ১১ ডিজিটের মোবাইল নম্বর, ঠিকানা ইত্যাদি সংক্রান্ত তথ্যে অসামঞ্জস্য/ভুল থাকলে প্রার্থীরা আবেদনের সময় নিজ উদ্যোগে সংশোধন/হালনাগাদ করে নিবেন। তবে, যাদের CV নেই তারা ওয়েবসাইটে প্রদত্ত নির্দেশনা অনুযায়ী অনলাইন আবেদনের ক্ষেত্রে নতুন CV তৈরি করবেন এবং নির্ধারিত স্থানে স্বাক্ষর ও সদ্য তোলা Formal রঙিন ছবি ওয়েবসাইটে প্রদত্ত নির্দেশনা মোতাবেক আপলোড করবেন। স্বাক্ষর এবং ছবির ব্যাকগ্রাউন্ড অবশ্যই সাদা হতে হবে। স্বাক্ষর এবং ছবি আপলোডে ত্রুটি/বিচ্যুতির বিষয়ে সাবধানতা অবলম্বনের পরামর্শ প্রদান করা হলো। আবেদনপত্রের তথ্যে অসামঞ্জস্য/ভুল থাকলে সংশোধনের সুযোগ থাকবে না এবং কোন প্রকার যোগাযোগ ব্যতিরেকেই প্রার্থিতা বাতিল করা হবে।

৯। অনলাইনে আবেদন করার পর CV Identification Number, Tracking Number ও Password যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। পরীক্ষার প্রবেশপত্র ডাউনলোড এবং পরবর্তী বিভিন্ন কাজে বর্ণিত তথ্যসমূহ প্রয়োজন হবে।

১০। আলোচ্য পদদ্বয়ে আবেদনের ক্ষেত্রে কোন আবেদন ফি প্রদান করতে হবে না।

১১। প্রার্থীদের লিখিত, শারীরিক যোগ্যতা ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১২। প্রার্থীদেরকে প্রাথমিকভাবে কোনো কাগজপত্র প্রেরণ করতে হবে না। শারীরিক যোগ্যতা পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে আবেদনে প্রদত্ত তথ্যাদির সমর্থনে প্রয়োজনীয় দলিলাদিসহ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য উপস্থিত থাকতে হবে। দাখিলকৃত দলিলাদির সঠিকতা যাচাই সাপেক্ষে তাদেরকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেওয়া হবে।

১৩। চাকরিরত প্রার্থীগণ তাদের নিয়োগকারী কর্তৃপক্ষের পূর্বানুমোদনক্রমে আবেদন করতে পারবেন। শারীরিক যোগ্যতা পরীক্ষায় উত্তীর্ণ হলে নিয়োগকারী কর্তৃপক্ষের অনাপত্তিপত্র মৌখিক পরীক্ষার বোর্ডে দাখিল করতে হবে। অন্যথায় প্রার্থীকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেওয়া হবে না।

১৪। লিখিত ও শারীরিক যোগ্যতা পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে আবেদনে প্রদত্ত স্থায়ী ঠিকানার সপক্ষে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/ পৌরসভার মেয়র/ কাউন্সিলর/ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র মৌখিক পরীক্ষার বোর্ডে জমা দিতে হবে।

১৫। আলোচ্য পদদ্বয়ে শুধু পুরুষ প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

১৬। বাংলাদেশের নাগরিক ব্যতীত অন্য কেউ নিয়োগ পাওয়ার উপযুক্ত বিবেচিত হবেন না। বাংলাদেশের নাগরিক নয় প্রার্থীর এরূপ স্ত্রী থাকলে অথবা বিবাহ বন্ধনের জন্য চুক্তিবদ্ধ হলে নিয়োগের জন্য অনুপযুক্ত বিবেচিত হবেন।

১৭। ‘ফায়ার কন্ট্রোল অপারেটর (পুরুষ)’ পদের ক্ষেত্রে **বরিশাল, ঝালকাঠি, খুলনা, রাজবাড়ি** ও **রাজশাহী** জেলার প্রার্থীগণ ব্যতীত অন্য সকল জেলার স্থায়ী বাসিন্দা ও ‘ফায়ারফাইটার (পুরুষ)’ পদের ক্ষেত্রে সকল জেলার স্থায়ী বাসিন্দারা আবেদন করতে পারবেন।

১৮। মুক্তিযোদ্ধার সন্তান/নাতি প্রার্থীদের ক্ষেত্রে উভয় পদেই সকল জেলার স্থায়ী বাসিন্দারা আবেদন করতে পারবেন।

১৯। নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সর্বশেষ সরকারি নীতিমালা অনুসরণ করা হবে।

২০। কর্তৃপক্ষ প্রয়োজনে এই বিজ্ঞপ্তির কার্যক্রম যেকোন পর্যায়ে সংশোধন/স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

২১। কোন ক্ষেত্রে কাগজপত্রাদির ঘাটতি থাকলে বা পরবর্তীতে কোন প্রার্থীর যোগ্যতার ঘাটতি পাওয়া গেলে বা দুর্নীতি, অসত্য তথ্য প্রদান, কোন জাল সনদ দাখিল, অসদুপায় অবলম্বন, প্রতারণার আশ্রয় নিলে বা আবেদনপত্রে গুরুতর (Substantive) ত্রুটি বা ঘাটতি দেখা গেলে বা প্রদত্ত তথ্য মিথ্যা প্রমাণিত হলে নিয়োগ প্রক্রিয়ার যেকোন পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে।

স্বাক্ষরিত/-
(হসনে আরা শিখা)
পরিচালক (এইচআরডি-১)